

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং : ৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৮.১৭- ২৬৬

তারিখ: ২৪.১২.২০১৭ খ্রিঃ।

বিষয়: মহিমাগঞ্জ আলিয়া কামিল মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র (১) মহিমাগঞ্জ আলিয়া কামিল মাদরাসার, স্মারক নং- ম,আ,ম/বামাশিবো/ই/আবি/১০০(০২)১৭

তারিখ: ২৪.১০.২০১৭ খ্রিঃ।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদরাসা-২)এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪)


তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত (১) নং স্মারকে উল্লিখিত মাদরাসার অধ্যক্ষ, এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে মাদরাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে নিম্নবর্ণিত মাদরাসায় “উপাধ্যক্ষ এবং অফিস সহকারী কাম-হিসাব সহকারী” পদে নিয়োগের লক্ষ্যে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসেবে জনাব ড. মোহাম্মদ ছরওয়ার আলম পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	প্রতিনিধির নাম
০১.	মহিমাগঞ্জ আলিয়া কামিল মাদরাসা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা। ফোন নং- ০১৭১৮-৫০৬৫৪২	১. উপাধ্যক্ষ - ০১টি ২. অফিস সহকারী কাম-হিসাব সহকারী	ড. মোহাম্মদ ছরওয়ার আলম পরিচালক (প্রশাসন ও অর্থ) মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। ০১৭১১২৪২০০২

শর্তাবলী :

- শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ: ১১.১১.২০১৫ খ্রিঃ এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০. ০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ: ৩০.১২.২০১৫ খ্রিঃ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবে না।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ ৬.৩ (গ) ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যারামিটারভিত্তিক শূন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ২৪ মার্চ ২০১৩ তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদে ও অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ: ১১ (১) এবং পরিশিষ্ট মোতাবেক কামা শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।
- মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের অনুচ্ছেদ: ৯ (নয়) এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পূজানুপুঞ্জরূপে অনুসরণ করতে হবে।
- প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।
- শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে তাঁর নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সন্নিবেশিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।
- ২৪ মার্চ ২০১৩ তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।
- মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পূজানুপুঞ্জরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- “নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতীকিত হতে প্রদান করা হবে” শর্তটি ডিজির প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদরাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।
- নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।


মোঃ এনাছুর হক

মহাপরিচালক
(রুটিন দায়িত্ব)

টেলিফোন নং- ৯৩৫৭০৫৯

ই-মেইল- dgdmeb@gmail.com

০১. ড. মোহাম্মদ ছরওয়ার আলম
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০২. অধ্যক্ষ, মহিমাগঞ্জ আলিয়া কামিল মাদরাসা, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা।

অনুলিপি:

- সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।
- জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- অফিস কপি।